



মরিয়মের মৃত্যু মামলা মীমাংসা, গাজী নজরুলের জামিনে আপত্তি নেই



ছবি: সংগৃহীত

দ্বিতীয় স্ত্রী মরিয়ম আক্তারের মৃত্যুর ঘটনায় করা মামলায় সাতক্ষীরা-৪ আসনের সংসদ সদস্য গাজী নজরুল ইসলাম ও তার প্রথম স্ত্রী মাকছুদা ইসলামের সঙ্গে বাদীপক্ষের আপস হয়েছে। দুই আসামির জামিনে বাদী মো. মাসুম বিল্লাহর কোনো আপত্তি নেই বলে আদালতে জানানো হয়েছে।

বুধবার (৩০ সেপ্টেম্বর) ঢাকার অতিরিক্ত চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মো. সেফাতুল্লাহর আদালতে জামিন শুনানিতে এ তথ্য জানানো হয়। শুনানি শেষে আদালত মাকছুদা ইসলামের জামিন মঞ্জুর করলেও গাজী নজরুলের জামিন আবেদন নামঞ্জুর করেন।

রাষ্ট্রপক্ষের পাবলিক প্রসিকিউটর ওমর ফারুক ফারুকী এবং আসামিপক্ষের আইনজীবী মাহবুবুর রহমান বিষয়টি নিশ্চিত করেন। আদালতে বাদীর জবানবন্দিও নেওয়া হয়েছে। আইনজীবী জানান, আপসের বিষয়ে বাদী হালফনামা দিয়েছেন।

এর আগে দুই দফায় মোট আট দিনের রিমান্ড শেষে সোমবার গাজী নজরুলকে কারাগারে পাঠানো হয়। তদন্ত কর্মকর্তার দেওয়া তথ্য অনুযায়ী, ন্যায় ভবনের ফ্ল্যাটে গাজী নজরুল ও তার প্রথম স্ত্রী শয়নকক্ষে থাকতেন। দ্বিতীয় স্ত্রী মরিয়মকে পাশের বারান্দায় কখনো কখনো রাত কাটাতে হতো। তদন্তে মরিয়ম শারীরিক ও মানসিক নির্যাতনের শিকার হয়েছিলেন বলেও তথ্য পাওয়ার কথা আদালতকে জানায় পুলিশ।

গত ২০ সেপ্টেম্বর সন্ধ্যায় শেরেবাংলা নগর থানার ন্যায় ভবনের ২০৩ নম্বর ফ্ল্যাট থেকে গাজী নজরুলের দ্বিতীয় স্ত্রী ১৯ বছর বয়সী মরিয়মের খুলন্ত মরদেহ উদ্ধার করে পুলিশ। সে সময় ফ্ল্যাটের দরজা ভেতর থেকে বন্ধ ছিল।